

■■ শরহুল আকীদাহ আল-ওয়াসেতীয়া

বিভাগ/অধ্যায়ঃ ইমাম ইবনে তাইমীয়া রাহিমাহুল্লাহর সংক্ষিপ্ত জীবনী রচয়িতা/সঙ্কলকঃ ডঃ সালেহ ফাওযান [অনুবাদ: শাইখ আনুল্লাহ শাহেদ আল-মাদানী]

ইমামের সুবিশাল ইলমী খেদমত

ইমাম ইবনে তাইমীয়ার স্মরণশক্তি ছিল অসাধারণ। অধিকাংশ ক্ষেত্রেই তিনি স্মরণশক্তির উপর নির্ভর করেই লিখতেন। জেলখানায় ঢুকিয়েও যখন তাঁকে লেখালেখি থেকে বিরত রাখা সম্ভব হলোনা, তখন তাঁর নিকট থেকে দোয়াত-কলম ও বই-পুস্তক ছিনিয়ে নেয়া হলো। বই-পুস্তক ছিনিয়ে নেয়ার পর তিনি স্মরণশক্তির উপর ভিত্তি করেই লেখালেখি চালিয়ে যেতে থাকেন। তাঁর লিখিত গ্রন্থাদির সঠিক সংখ্যা নির্ণয় করা অসম্ভব। নিম্নে আমরা তাঁর কয়েকটি বহুল প্রসিদ্ধ কিতাবের নাম উল্লেখ করছি।

- (১) মাজমুআয়ে ফাতাওয়া ইবনে তাইমীয়া, এটি শাইখের সর্ববৃহৎ সংকলন, সৌদি আরব সরকার ৩৭ খন্ডে এটিকে ছাপিয়েছে,
- (২) আল আকীদাতুল ওয়াসেতীয়া,
- (৩) আলফুরকান বাইনা আওলিয়াইর রাহমান ওয়া আওলিয়াইশ শাইতান,
- (৪) আলকালিমুত তাইয়্যিব,
- (৫) মিনহাজুস সুন্নাহ আন্ নবুবীয়াহ,
- (৬) যিয়ারাতুল কুবুর,
- (৭) শরহুল উমদাহ,
- (৮) আল জাওয়াবুস সহীহ,
- (৯) রিসালাতুদ তাদমুরীয়াহ,
- (১০) রিসালাতুল হামবীয়া,
- (১১) মুকাদ্দিমাহ ফীত্ তাফসীর,
- (১২) ইক্তেযাউস্ সিরাতিল মুস্তাকীম,
- (১৩) আর্ রাদ্ব আলা ইবনে আরাবী,
- (১৪) আস্ সিয়াসা আশ্ শারঈয়াহ এবং
- (১৫) আলউবুদীয়াহ।

এতদ্ব্যতীত দ্বীনের বিভিন্ন বিষয়ে তাঁর আরো অনেক মূল্যবান কিতাব রয়েছে। সেগুলো সম্পর্কে জানতে চাইলে পাঠকদেরকে মাকতাবা শামেলার দ্বারস্থ হওয়ার অনুরোধ করা হলো।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8455

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন